# টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)

ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান

ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঙ্গী, গাজীপুর ১৭১০

E-mail: md.tssltd@tss.com.bd, Website: www.tss.com.bd

উন্নত মান ও বিশ্বস্ত সেবার পথিকৃৎ


**স্মারক নং- ১৪.৩৬.০০০০.০০৭.১১.০০১.২১.১১৭** **তারিখ: ০৫-০৮-২০২১ খ্রিঃ**

# নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর আওতাধীন টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) এর শূন্য পদে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে http://tss.teletalk.com.bd ওয়েবসাইটে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | কোম্পানি গ্রেড ও বেতন স্কেল | বয়স (১০/০৮/২০২১ খ্রিঃ তারিখে) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | কোম্পানি সচিব | ০১ (এক) | গ্রেড-৪; স্কেল: ৫৫৯০০-৮৬০৫১ | ৪০-৪৫ বৎসর (বিভাগীয় ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | (০১) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর/এমবিএ। কমপক্ষে ১০ বছরের কর্ম অভিজ্ঞতা (সংশ্লিষ্ট ক্ষেত্রে ৬ বছরের কর্ম অভিজ্ঞতাসহ)। |
| ০২ | উপ মহাব্যবস্থাপক (কারিগরি) | ০৩ (তিন) | | | (০২) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজ হতে তড়িৎ ও ইলেকট্রনিক্স, যান্ত্রিক বা কম্পিউটার সায়েন্স প্রকৌশল বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী। কমপক্ষে ১০ বছরের কর্ম অভিজ্ঞতা (আইটি/টেলিকম সেক্টরে ৬ বছরের কর্ম অভিজ্ঞতাসহ)। |
| ০৩ | উপ মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) | ০১ (এক) | | | (০৩) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজ হতে স্নাতক (বানিজ্য)/স্নাতকোত্তর (বাণিজ্য)। কমপক্ষে ১০ বছরের কর্ম অভিজ্ঞতা (হিসাব ব্যবস্থাপনায় ৬ বছরের কর্ম অভিজ্ঞতাসহ)। |
| ০৪ | প্রোগ্রামার | ০১ (এক) | গ্রেড-৫; স্কেল: ৪৬১৫০-৭৬৮৩৬ | ৩৫-৪০ বৎসর (বিভাগীয় ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | (০৪) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজ হতে কম্পিউটার সায়েন্স প্রকৌশল বিষয়ে স্নাতক। সফটওয়ার এন্ড অ্যাপস-এ ৪ (চার) বছরের কর্ম অভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| ০৫ | সহকারি প্রোগ্রামার | ০১ (এক) | গ্রেড-৬; স্কেল: ২৮৬০০-৬৫৫৪৪ | অনুর্ধ্ব ৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | (০৫) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজ হতে কম্পিউটার সায়েন্স প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী। সফটওয়ার এন্ড অ্যাপস-এ কর্মঅভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| ০৬ | সহকারি ব্যবস্থাপক (কারিগরি) | ১১ (এগার) | | | (০৬) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজ হতে তড়িৎ ও ইলেকট্রনিক্স, যান্ত্রিক বা কম্পিউটার সায়েন্স, ইসিই, ইটিই প্রকৌশল বিষয়ে স্নাতক। |
| ০৭ | সহকারি ব্যবস্থাপক (সাধারণ) | ০২ (দুই) | | | (০৭) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজ হতে স্নাতক অথবা এমবিএ। |
| ০৮ | কনিষ্ঠ সহকারি ব্যবস্থাপক (কারিগরি) | ১৮ (আঠার) তড়িৎকৌশল-২, ইলেকট্রনিক্স-২, পুরকৌশল-২, যন্ত্রকৌশল-২, অটোমোবাইলস-২, সিএসই-৮ | গ্রেড-৭; স্কেল: ২০৮০০-৪৭৬৬৩ | অনুর্ধ্ব ৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | (০৮) স্বীকৃত কোনো পলিটেকনিক ইন্সটিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ০৯ | কনিষ্ঠ সহকারি ব্যবস্থাপক (সাধারণ) | ০১ (এক) | | | (০৯) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজ হতে স্নাতক অথবা বিবিএ। |
| ১০ | কনিষ্ঠ সহকারি ব্যবস্থাপক (হিসাব) | ০২ (দুই) | | | (১০) ও (১১) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজ হতে স্নাতক (বাণিজ্য) অথবা বিবিএ। |
| ১১ | কনিষ্ঠ সহকারি ব্যবস্থাপক (অডিট) | ০১ (এক) | | | |
| ১২ | কনিষ্ঠ হিসাবরক্ষক | ০২ (দুই) | গ্রেড-৯; স্কেল: ১৪৬৯০-৩৩৬৫৯ | অনুর্ধ্ব ৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | (১২) ও (১৩) এইচএসসি (বাণিজ্য বিভাগ) এবং ২ (দুই) বছরের কর্ম অভিজ্ঞতা। |
| ১৩ | স্টোর কিপার | ০২ (দুই) | | | |
| ১৪ | কম্পিউটার অপারেটর | ০১ (এক) | গ্রেড-১০; স্কেল: ১৩২৬০-৩০৩৮০ | অনুর্ধ্ব ৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | (১৪) এইচএসসি (বিজ্ঞান) কিংবা সমমান এবং কম্পিউটার বিষয়ে ১ (এক) বছরের কর্ম অভিজ্ঞতা। |
| ১৫ | অফিস সহকারি | ০২ (দুই) | | | (১৫) ও (১৬) এইচএসসি কিংবা সমমান এবং ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৬ | বিক্রয় সহকারি | ০৫ (পাঁচ) | | | |
| ১৭ | টেকনিশিয়ান | ০৫ (পাঁচ) | গ্রেড-১১; স্কেল: ১২০৯০-২৭৬৯৭ | অনুর্ধ্ব ৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | (১৭) এইচএসসি (বিজ্ঞান বিভাগ) কিংবা সমমান। (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য)। |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি বা সমমান পরীক্ষার সনদ বিবেচ্য হবে এবং এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। প্রার্থী এসএসসি উত্তীর্ণ না হলে জন্ম নিবন্ধন সনদ বয়সের প্রমাণক হিসাবে গ্রহণ করা হবে। সকল ক্ষেত্রে ১০-০৮-২০২১ খ্রিঃ তারিখের বয়স বিবেচনা করা হবে।

২। টেশিসের নিয়মিত এবং চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী বিভাগীয় প্রার্থী মর্মে বিবেচিত হবেন। ০১ - ০৪ নং ক্রমিকের বিভাগীয় ও অভিজ্ঞ প্রার্থী এবং ০৫ - ১৭ নং ক্রমিকের বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স ৫ (পাঁচ) বছর শিথিলযোগ্য।

৩। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

(ক) প্রার্থী **http://tss.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরন করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০-০৮-২০২১ খ্রিঃ, সকাল - ১০ টা

(ii) Online-এ আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৯-০৯-২০২১ খ্রিঃ, বিকাল - ৫ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ আবেদন ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী** ও আবেদন **ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন।

উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে আবেদন ফি জমা দিবেন:

ক্রমিক ০১ নং থেকে ০৪ নং পদের জন্য আবেদন ফি : ১০০০ (এক হাজার) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২০ (একশত বিশ) টাকা সহ মোট ১,১২০ (এক হাজার একশত বিশ) টাকা (অফেরতযোগ্য);

ক্রমিক ০৫ নং থেকে ০৭ নং পদের জন্য আবেদন ফি : ৮০০ (আটশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৯৬ (ছিয়ানব্বই) টাকা সহ মোট ৮৯৬ (আটশত ছিয়ানব্বই) টাকা (অফেরতযোগ্য);

ক্রমিক ০৮ নং থেকে ১১ নং পদের জন্য আবেদন ফি : ৭০০ (সাতশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৮৪ (চুরাশি) টাকা সহ মোট ৭৮৪ (সাতশত চুরাশি) টাকা (অফেরতযোগ্য); এবং

ক্রমিক ১২ নং থকে ১৭ নং পদের জন্য আবেদন ফি : ৫০০/-(পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬০/-(ষাট) টাকা সহ মোট ৫৬০/-(পাঁচশত ষাট) টাকা (অফেরতযোগ্য)।

বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবেনা।

**প্রথম SMS: TSS<space>User ID** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: TSS ABCDEF

Reply: Applicant's Name, Tk.1,120/896/784/560 will be charged as application fee. Your PIN is 12345678. To pay free type TSS<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS: TSS<space>Yes<space>PIN** লিখে send করতে হবে 16222. Example: TSS Yes 12345678

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://tss.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্র প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ ও সময় প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে TSS<space>Help<space>User ID send to 16222
Example: TSS Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: TSS<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: TSS Help PIN 12345678 & send to 16222

(ঝ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: TSS, Po Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ঞ) অনলাইনে আবেদন এবং আবেদন ফি জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৫। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। প্রার্থী কোন তথ্য গোপন করলে বা আবেদনে ভুল তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনপত্র/নিয়োগাদেশ (নিয়োগপ্রাপ্ত হলে) বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা/টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। আবেদনপত্র গ্রহণ/বাতিল, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। নিয়োগপ্রাপ্তির জন্য কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১০। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩/৮/২১

সাঈদ মাহমুদ
কোম্পানি সচিব, টেশিস
ও
সদস্য-সচিব
টেশিস নিয়োগ ও পদোন্নতি কমিটি